২০১০

বাংলা

নবম পাঠক্রম

সময় : দুই ঘণ্টা | পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। কী কৌশলে বিভাবাদি সংযোগে রসনিষ্পত্তি হয় আলংকারিকদের মতানুসারে ব্যাখ্যা করুন। ১৫

অথবা

রবীন্দ্রনাথ কী উপলক্ষে 'আধুনিক কাব্য' প্রবন্ধটি রচনা করেন ? এই প্রবন্ধে সাহিত্যে আধুনিকতা সম্বন্ধে তাঁর কী ধারণার পরিচয় পাওয়া যায় ?

২। অ্যারিস্টটল ট্র্যাজেডির চরিত্রের কোন কোন বৈশিষ্ট্যের উল্লেখ করেছেন ? ট্র্যাজেডির নায়ক চরিত্রটি কীরকম হওয়া বাঞ্ছনীয় বলে তিনি মনে করেন ? ১৫

অথবা

ওয়ার্ডসওয়ার্থের কাব্যাদর্শ কেমন ছিল বুঝিয়ে দিন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৪×৫=২০

(ক) 'চিত্রকাব্য' কাকে বলে উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

(খ) ধ্বনি এবং সমাসোক্তি অলংকারের পার্থক্য কী দেখিয়ে দিন।

(গ) অ্যারিস্টটল কাব্যের উদ্ভবের কী কী মূল কারণের কথা বলেছেন ?

(ঘ) সরল এবং জটিল কাহিনী বলতে অ্যারিস্টটল কী বুঝিয়েছেন ?

(ঙ) রবীন্দ্রনাথ 'সাহিত্যের পথে' গ্রন্থের ভূমিকায় দুঃখের তীব্র উপলব্ধিকে আনন্দকর বলেছেন । — কথাটির ব্যাখ্যা করে অর্থ বুঝিয়ে দিন।

(চ) 'সাহিত্য ধর্ম' প্রবন্ধে কোটালপুত্র সদাগরপুত্র এবং রাজপুত্রের উপমা দিয়ে রবীন্দ্রনাথ কী বোঝাতে চান ?

(ছ) কোলরীজের কল্পনাতত্ত্বের মূলে কোন জার্মান দার্শনিকের ধারণার প্রভাব আছে ? দুয়ের কোনো পার্থক্য আছে কী ?

(জ) ওয়ার্ডসওয়ার্থের কাব্যতত্ত্বের মূলে অষ্টাদশ শতাব্দীর কোন কোন দার্শনিকের মতবাদের প্রভাব লক্ষ করা যায় ? তিনি এই ধারণার কীরূপ পরিবর্তন ঘটান ?

২০১০

বাংলা

দশম পাঠক্রম

সময় : দুই ঘণ্টা　　　　　　　　　　　　　পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। *রাজসিংহ* উপন্যাসের গঠনশৈলী সম্পর্কে আলোচনা করুন। ১৫

অথবা

"কিরণময়ী শরৎচন্দ্রের অত্যদ্ভুত সৃষ্টি।" — শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়ের এই মন্তব্যের আলোকে কিরণময়ী চরিত্রের বিশেষত্ব আলোচনা করুন।

২। *পথের পাঁচালী* উপন্যাসে একাধিক চরিত্রের মৃত্যু উপন্যাসের কোন্ প্রয়োজন সিদ্ধ করেছে — আলোচনা করুন ১৫

অথবা

গণদেবতা উপন্যাসের নাম 'গণদেবতা' রাখা হয়েছে কেন ? এর তাৎপর্য ব্যাখ্যা করুন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৪×৫=২০

(ক) *রাজসিংহ* উপন্যাসে কীভাবে মবারকের মৃত্যু হয় ? কীভাবে তার পুনর্জীবন লাভ হয় ?

(খ) *গণদেবতা* উপন্যাসে "চণ্ডীমণ্ডপ"-এর কোন বিশেষ তাৎপর্য আছে কী ?

(গ) *চরিত্রহীন* উপন্যাসে আরাকানে কামিনী বাড়িউলীর বাড়ি প্রসঙ্গে যে নির্মম বাস্তবতার চিত্র অঙ্কিত তার পরিচয় দিন।

(ঘ) *পথের পাঁচালী*র ইন্দিরা ঠাকুরুণ চরিত্রের প্রয়োজনীয়তা কী ?

(ঙ) *গণদেবতা* উপন্যাসে দু-একটি পৌরাণিক কাহিনীর কথা পাওয়া যায়। — এর তাৎপর্য ব্যাখ্যা করুন।

(চ) *রাজসিংহ* উপন্যাসে ইমলি বেগমের পরিচয় দিন

(ছ) *চরিত্রহীন* উপন্যাসে কিরণময়ীর স্বামীর নাম কী ? তাকে উপন্যাসে কীভাবে দেখান হয়েছে ? এভাবে দেখানোর কারণ কী ?

(জ) *পথের পাঁচালী* উপন্যাসে অপুর বাল্যজীবনের সঙ্গী কে ছিল ? অপুর জীবনে তার ভূমিকা কী ?

২০১০

বাংলা

একাদশ পাঠক্রম

সময় : দুই ঘণ্টা পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। "গীতের যে উদ্দেশ্য, যে কাব্যের সেই উদ্দেশ্য, তাহাই গীতিকাব্য।" — বঙ্কিমচন্দ্রকে অনুসরণ করে বক্তব্যটি স্পষ্ট করুন। ১৫

অথবা

বাগেশ্বরী শিল্প প্রবন্ধাবলীর অন্তর্গত পাঠ্য প্রবন্ধ অবলম্বনে অবনীন্দ্রনাথ ঠাকুরের সৌন্দর্যভাবনা ব্যাখ্যা করুন।

২। *আত্মচরিত* গ্রন্থে সমাজ সংস্কারক শিবনাথের যে পরিচয় পাওয়া যায় তার বিবরণ দিন। ১৫

অথবা

সাহিত্যে আধুনিকতা বিষয়ে আবু সয়ীদ আইয়ুবের বক্তব্য পাঠ্য প্রবন্ধ অবলম্বনে ব্যাখ্যা করুন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৪×৫=২০

(ক) বঙ্কিমচন্দ্র বলেছেন রসোদ্ভাবন কবির একটি বিশেষ গুণ। — 'রসোদ্ভাবন' কথাটির তাৎপর্য ব্যাখ্যা করুন।

(খ) বঙ্গীয় গীতিকাব্য লেখকদিগকে বঙ্কিমচন্দ্র কয়টি ভাগে ভাগ করেছেন ? এই শ্রেণীগুলির বৈশিষ্ট্য কী ? ব্যাখ্যা করুন।

(গ) প্রমথ চৌধুরী মনে করেন সমালোচনার কাজ লৌকিক নিন্দা প্রশংসা নয় ; সাহিত্যে অমরতার কারণ আবিষ্কার করা। প্রাবন্ধিকের দৃষ্টিভঙ্গি স্পষ্ট করুন।

(ঘ) "আমি হচ্ছি এযুগের ভারতচন্দ্র" — সমালোচকের এই অভিমতকে প্রমথ চৌধুরী কীভাবে দেখেছেন তা বিশ্লেষণ করুন।

(ঙ) 'অমঙ্গলবোধ ও আধুনিকতা' প্রবন্ধে কোন ফরাসী কবির প্রসঙ্গ এসেছে ? তার লেখার কোন্ কোন্ বৈশিষ্ট্যের কথা বলা হয়েছে ?

(চ) *আত্মচরিত* অবলম্বনে ব্রাহ্মসমাজের বিকাশে শিবনাথ শাস্ত্রীর অবদান বিষয়ে আলোচনা করুন।

(ছ) শিবনাথ শাস্ত্রী দক্ষিণ ভারতে গিয়ে যে অভিজ্ঞতা অর্জন করেছিলেন তা বিবৃত করুন।

২০১০

বাংলা

দ্বাদশ পাঠক্রম

সময় : দুই ঘণ্টা পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। রবীন্দ্রনাথ বলেছেন "আমার স্থান সৌন্দর্যের সাধকরূপে একা তোমার কাছে।" তাঁর এই উক্তি অবলম্বন করে *চিত্রা* কাব্যে বিধৃত রবীন্দ্রনাথের কবিমানসের পরিচয় দিন। ১৫

অথবা

আরোগ্য — জন্মদিনে — শেষলেখা কাব্যের নির্বাচিত কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের গোধূলি পর্যায়ের কাব্যের বৈশিষ্ট্য ও স্বাতন্ত্র্য নিরূপণ করুন।

২। *বলাকা* কাব্যের ৮-সংখ্যক কবিতাটির ভাববস্তুর বিশ্লেষণ প্রসঙ্গে অনেক সমালোচক ইউরোপীয় দার্শনিকের বিশিষ্ট দার্শনিক তত্ত্বের প্রভাবের কথা বলেছেন। — এই অভিমত কতদূর গ্রহণযোগ্য তা বিশদভাবে ব্যাখ্যা করুন। ১৫

অথবা

পত্রপুট কাব্যের 'পৃথিবী' কবিতায় কবির মর্ত্যবোধের পরিচয় নিহিত আছে — আলোচনা করুন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৪×৫=২০

(ক) 'স্বর্গ হইতে বিদায়' কবিতায় স্বর্গ ও মর্ত্যের প্রেমচিত্রের যে পার্থক্য কবি রচনা করেছেন তা ব্যক্ত করুন।

(খ) '১৪০০ সাল' কবিতাটির মূল ভাববস্তু বিবৃত করুন।

(গ) *বলাকা* কাব্যের কবিতাগুলিকে সংখ্যা দ্বারা চিহ্নিত করা হয়েছে কেন ?

(ঘ) *বলাকা* কাব্যের ১নং কবিতায় নবীন ও প্রবীণকে কোন্ বিপরীত প্রতীকে প্রতিকায়িত করা হয়েছে এবং কেন ?

(ঙ) *পত্রপুট*-এর ৯ সংখ্যক কবিতায় ঝড়ের চিত্র রচনায় কবির শিল্প-কুশলতার কী পরিচয় পাওয়া যায় ?

(চ) *পত্রপুট*-এর কোনো কবিতায় কবি নিজেকে আত্মপরিচয় বঞ্চিত বলেছেন। — এরকম বলার কারণ কী ?

(ছ) "দেখেছি নিত্যের জ্যোতি দুর্যোগের মায়ার আড়ালে।" — রবীন্দ্রনাথের কবি মানসিকতার কী পরিচয় এখানে নিহিত আছে ?

(জ) "এখনো হয়নি খোলা আমার জীবন আবরণ
সম্পূর্ণ যে আমি
রয়েছে গোপন অগোচর।"

— কোন্ 'আমি'-র কথা বলা হয়েছে ?

———

২০১০

বাংলা

ত্রয়োদশ পাঠক্রম

সময় : দুই ঘণ্টা। পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। *ঘরে বাইরে* উপন্যাসের রাজনৈতিক প্রেক্ষাপটটি কী? রবীন্দ্রনাথের স্বদেশভাবনা *ঘরে বাইরে* উপন্যাসে কীভাবে ফুটে উঠেছে আলোচনা করুন। ১৫

অথবা

*জীবনস্মৃতি*কে বলা যায় প্রকৃতির সঙ্গে কবির যোগসাধনের এক ধারাবাহিক ইতিহাস। — আলোচনা করুন।

২। *রক্তকরবী* নাটকে যক্ষপুরীতে নন্দিনীর আসবার হেতু কী? সে কেন রাজাকে বারংবার তার জালের আড়াল থেকে বেরিয়ে আসতে বলে? এর পরিণতি কী হয়েছিল? ১৫

অথবা

'মেঘদূত' প্রবন্ধে রবীন্দ্রনাথের যে বিরহচেতনার পরিচয় পাওয়া যায় তা পরিস্ফুট করুন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৪×৫=২০

(ক) বিধবা কুসুম ও ফিরিঙ্গি মেয়েটিকে সন্দীপ সর্বনাশের অতলে নামালেও বিমলার ক্ষেত্রে তা ঘটেনি — এর কারণ কী ?

(খ) *ঘরে বাইরে* উপন্যাসের সেজোরানী চরিত্রটির ভূমিকা বিশ্লেষণ করুন।

(গ) *রক্তকরবী* নাটকে পৌষের গানটির তাৎপর্য কী ?

(ঘ) যক্ষপুরীর শ্রমিকেরা সংখ্যা দ্বারা চিহ্নিত। এর তাৎপর্য কী ?

(ঙ) রবীন্দ্রনাথের কোন পর্বের কবিতাগুলিকে মোহিতচন্দ্র সেন 'হৃদয় অরণ্য' নাম দিয়েছিলেন ? এই নামকরণের তাৎপর্য কী ?

(চ) "মানুষের সেই প্রকাশই শ্রেষ্ঠ যা একান্ত ব্যক্তিগত মনের নয় যাকে সকল কালের সকল মানুষের মন স্বীকার করতে পারে।" — রবীন্দ্রনাথের এই ধারণাটি কি অর্থ বহন করে ?

(ছ) রবীন্দ্রনাথ চঞ্চলকুমারীকে *রাজসিংহ* উপন্যাসের নায়িকা বলেছেন।— এর কারণ কী ?

(জ) *রক্তকরবী* নাটকে ছোট সর্দার চরিত্রটিকে কীভাবে আঁকা হয়েছে ?

২০১০

বাংলা

চতুর্দশ পাঠক্রম

(বিশেষ পত্র)

সময় : দুই ঘণ্টা পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

(মধ্যযুগের বাংলা মঙ্গল, আখ্যান ও অনুবাদ কাব্য)

১। বাংলা মঙ্গলকাব্যগুলির মধ্যে নারী-প্রধান সমাজের নানারকম সাংস্কৃতিক সূত্র পাওয়া যায়। আবার নারী-জীবনের বিচিত্র পরিচয়ও মঙ্গলকাব্যে লিপিবদ্ধ আছে — দৃষ্টান্তসহ বিশদ আলোচনা করুন। ১৫

অথবা

ধর্ম সংঘর্ষ নয়, ধর্ম সমন্বয়ই মঙ্গলকাব্যগুলির ভিত্তিভূমি — আলোচনা করুন।

২। মুসলিম অভিঘাতের ফলে বাঙালির সমাজ-সংস্কৃতিতে যে রূপান্তর ঘটে যায় বাংলা সাহিত্যকে তা কীভাবে কতখানি প্রভাবিত করেছিল আলোচনা করুন। ১৫

অথবা

বাংলায় অনুবাদকাব্যগুলি রচিত হবার কারণ বা প্রেরণা কী ? এগুলির উৎস কী ? অনুবাদকাব্যগুলির মধ্যে কোন ধারাটি অধিক প্রচারিত — আলোচনা করুন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৪×৫=২০

(ক) শকাব্দ নির্ণয় করুন :

জলধির বামেতে ভুবন মাঝে দ্বার।
শকে রচে দ্বিজ বংশী পুরাণ পদ্মার।।

(খ) দিগ্‌বন্দনা কাকে বলে ? উদাহরণযোগে বুঝিয়ে দিন।

(গ) পাটা ও পাটাচিত্র সম্পর্কে সংক্ষেপে লিখুন।

(ঘ) মধ্যযুগের পুথি সম্পাদনার রীতি-পদ্ধতি বিষয়ে আলোচনা করুন।

(ঙ) কাল নির্ণয় করুন :

শকে হল্য চন্দ্রকলা রাম করতলে।
বাম হলা বিধিকান্ত পড়িল অনলে।।

(চ) ধ্রুবপদ কী ? উদাহরণযোগে বুঝিয়ে দিন।

(ছ) দিবা ও নিশা পালা বলতে কী বোঝায় ?

(জ) পুথিতে কী কী ধরনের ভুল লক্ষ্য করা যায় এবং সেগুলি সংশোধনের পদ্ধতিই বা কী ?

(উপন্যাস ও ছোট গল্প)

১। রাজনৈতিক উপন্যাস কাকে বলে ? বাংলা ভাষায় প্রধান প্রধান রাজনৈতিক উপন্যাসগুলির পরিচয় দিন। ১৫

অথবা

চরিত্রসৃজনের সময় ঔপন্যাসিককে প্রধানত কোন্ কোন্ দিকগুলির প্রতি নজর রাখতে হয় ? উদাহরণ দিয়ে বুঝিয়ে বলুন।

২। ছোটগল্পের বৈশিষ্ট্য কী কী ? যে-কোনো একটি ছোটগল্প অবলম্বনে বুঝিয়ে দিন সেই গল্পে ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি কীভাবে রক্ষিত হয়েছে। ১৫

অথবা

দুই বিশ্বযুদ্ধ মধ্যবর্তীকালীন বাংলা ছোটগল্পের বিশেষত্ব বুঝিয়ে বলুন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৪×৫=২০

(ক) উপন্যাসের প্লট ও থীমের মধ্যে পার্থক্য কী ?

(খ) ঔপন্যাসিকের জীবনদর্শন বলতে কী বোঝায় ?

(গ) আত্মজীবনী ও আত্মজীবনীমূলক উপন্যাসের মধ্যে পার্থক্য কোথায় ?

(ঘ) উপন্যাসের চরিত্রনির্মাণের প্রধান কৌশলগুলো কী কী ?

(ঙ) গল্পহীন গল্প কাকে বলে ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

(চ) মপাঁসা ও চেকভের ছোটগল্পের আদর্শগত পার্থক্য কী ?

(ছ) ছোটগল্পের প্লট উপন্যাসের প্লটের থেকে কোথায় পৃথক ?

(জ) 'ত্রয়ী' উপন্যাস বলতে কী বোঝায় ? বাংলা ভাষায় রচিত যেকোনো একটি 'ত্রয়ী' উপন্যাসের পরিচয় দিন।

———

২০১০

বাংলা

পঞ্চদশ পাঠক্রম

(বিশেষ পত্র)

সময় : দুই ঘণ্টা পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

(মধ্যযুগের বাংলা মঙ্গল, আখ্যান ও অনুবাদ কাব্য)

১। বিপ্রদাসের কাব্যে অঙ্কিত চাঁদ চরিত্রটি বিশ্লেষণ করে কবির চরিত্রাঙ্কন দক্ষতার পরিচয় দিন। ১৫

অথবা

কবি মুকুন্দ চক্রবর্তীর মধ্যে কোনো কোনো সমালোচক কথাশিল্পীর সম্ভাবনা লক্ষ করেছেন। — আলোচনা করুন।

২। মঙ্গলকাব্যের সাধারণ রীতি-বৈশিষ্ট্য ঘনরাম চক্রবর্তীর *ধর্মমঙ্গল* কাব্যে কতটা অনুসৃত হয়েছে প্রাসঙ্গিক তথ্য অবলম্বনে আলোচনা করুন। ১৫

অথবা

রামেশ্বরের *শিবায়ন* কাব্যে লৌকিক জীবনের ছবি জীবন্ত হয়ে উঠেছে। — আলোচনা করুন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৪×৫=২০

(ক) *মনসাবিজয়* কাব্যে মনসার অরণ্যবাসের কারণ ব্যাখ্যা করুন।

(খ) *মনসাবিজয়* কাব্যে 'বিজয়' শব্দটি ব্যবহারের কারণ কী?

(গ) ভাঁড়ু দত্ত চরিত্র চিত্রণে মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব আলোচনা করুন

(ঘ) সুশীলার বারমাস্যার বিশেষত্ব আলোচনা করুন।

(ঙ) *ধর্মমঙ্গল* কাব্যে কালড়া চরিত্রটি বিশ্লেষণ করুন।

(চ) ইছাই ঘোষ চরিত্রটি *ধর্মমঙ্গল* কাব্যে স্বতন্ত্র সৃষ্টি কেন?

(ছ) হাস্যরস সৃষ্টিতে রামেশ্বরের কৃতিত্ব আলোচনা করুন।

(জ) 'নারীগণের পতি-নিন্দা' অংশটি রামেশ্বরের কাব্যে ভিন্নভাবে অঙ্কিত হয়েছে। এখানে কবির স্বাতন্ত্র্য বিচার করুন

(উপন্যাস ও ছোট গল্প)

১। *চতুরঙ্গ* উপন্যাসে শচীশের জীবনের চারটি পর্যায় এবং তার উপলব্ধি সম্পর্কে আলোচনা করুন। ১৫

অথবা

আরোগ্য নিকেতন উপন্যাসে জীবনের অনুপুঙ্খ অনুভব এবং মৃত্যুচিন্তা একইসঙ্গে প্রতিফলিত হয়েছে।— আলোচনা করুন

২। *অন্তঃশীলা* উপন্যাসে খগেনবাবুর মনস্তাত্ত্বিক জটিলতা কীভাবে উপন্যাসকে উপভোগ্য করে তুলেছে আলোচনা করুন। ১৫

অথবা

পুতুলনাচের ইতিকথা উপন্যাসের নামকরণ সম্পর্কে আলোচনা করুন। ১৫

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৪×৫ ২০

(ক) *তিতাস একটি নদীর নাম* উপন্যাসে নামহীন একটি স্ত্রী-চরিত্রের কথা আছে। তার পরিচয় দিন

(খ) *চতুরঙ্গ* উপন্যাসে ননীবালার মৃত্যুর তাৎপর্য কী ?

(গ) জীবন মশাইয়ের জীবনে আতর বউ ও মঞ্জরী এই দুই নারীর প্রভাব সম্পর্কে লিখুন

(ঘ) *পুতুলনাচের ইতিকথা* উপন্যাস হারু ঘোষের মৃত্যু দিয়ে শুরু হয়েছে এরকম শুরুর কোন বিশেষ তাৎপর্য আছে কি ?

(ঙ) *তিতাস একটি নদীর নাম* উপন্যাসে মালোদের পূজাপার্বণের যে ছবি পাওয়া যায় তার পরিচয় দিন।

(চ) চতুরঙ্গ উপন্যাসটিকে কী আংশিকতার লক্ষণাক্রান্ত বলা চলে ?

(ছ) শশী ও কুসুমের প্রণয়-ব্যর্থতার কারণগুলি কী কী ?

(জ) *আরোগ্য নিকেতন* উপন্যাসে কিশোর চরিত্রটিকে লেখক কীভাবে অঙ্কন করেছেন ?

২০১০

বাংলা

ষোড়শ পাঠক্রম

(বিশেষ পত্র)

সময় : দুই ঘণ্টা পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

(মধ্যযুগের বাংলা মঙ্গল, আখ্যান ও অনুবাদ কাব্য)

১। কৃত্তিবাসী *রামায়ণ* লেখা হয়েছিল বাংলাদেশের ভক্তিবাদী আন্দোলনের বিশেষ পর্যায়ে। কৃত্তিবাস তাঁর অবলম্বিত আখ্যানে ও সৃষ্ট চরিত্রে এই ভক্তিবাদকে কীভাবে মর্যাদা দিয়েছিলেন তা উদাহরণসহযোগে আলোচনা করুন। ১৫

অথবা

মালাধর বসুর *শ্রীকৃষ্ণবিজয়* কাব্যের পরিচয় দিয়ে এই অনুবাদ ধারার জনপ্রিয়তা কীরূপ ছিল অন্যান্য অনুবাদ শাখার সঙ্গে তুলনা করে বিবৃত করুন।

২। 'গীতিকা', 'মঙ্গলকাব্য' ও 'ইতিকথা'র সঙ্গে *গোপীচন্দ্রের গান*-এর কিছু কিছু মিল খুঁজে পাওয়া যায়। শেষ পর্যন্ত একে কোন শ্রেণীর কাব্য বলে চিহ্নিত করতে পারি — এ বিষয়ে আলোচনা করুন। ১৫

অথবা

"*পদ্মাবতী* কাব্য মূলে ছিল রূপক কিন্তু অনুবাদে তা হয়ে উঠেছে রোমান্স" — আলাওলের *পদ্মাবতী* কাব্য প্রসঙ্গে এই মন্তব্যের সমীচীনতা বিচার করুন।

৩। যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৪×৫=২০

(ক) *শ্রীকৃষ্ণবিজয়* কাব্যে শ্রীকৃষ্ণের প্রেমময় সত্তার চেয়ে ঐশ্বর্যময় সত্তাই প্রাধান্য লাভ করেছে। — আলোচনা করুন।

(খ) *শ্রীকৃষ্ণবিজয়* কাব্যে বিধৃত মালাধর বসুর ব্যক্তিজীবনের পরিচয় দিন।

(গ) রামায়ণে রাম বনবাসে যাবার সময় জনতা চরিত্রের কী প্রতিক্রিয়া হয়েছিল ?

(ঘ) *পদ্মাবতী* কাব্যে পদ্মাবতী-রত্নসেনের বিবাহ বর্ণনা বিবৃত করুন।

(ঙ) *গোপীচন্দ্রের গান*-এ অদুনা-পদুনা চরিত্র দুটির মানবিক আর্তির স্বরূপ নির্ণয় করুন।

(চ) *গোপীচন্দ্রের গান*-এ অপ্রধান চরিত্রগুলির পরিচয় দিন।

(ছ) *পদ্মাবতী* কাব্যে হিন্দু পুরাণ ব্যবহারে আলাওলের কৃতিত্বের পরিচয় দিন।

(জ) অযোধ্যা কাণ্ডের মন্থরা চরিত্রের গুরুত্ব আলোচনা করুন।

(উপন্যাস ও ছোটগল্প)

১। 'নষ্টনীড়' গল্পটির উপসংহার বিশ্লেষণ করে চারুর জীবনের সঙ্গ ও নিঃসঙ্গতার স্বরূপ নির্ণয় করুন। ১৫

অথবা

নরেন্দ্রনাথ মিত্রের কয়েকটি পাঠ্য গল্প অবলম্বন করে জীবনের নানা রূপ-বৈচিত্র্য রচনায় তাঁর শক্তির পরিচয় দিন।

২। নিয়তির নির্মম প্রতিশোধ 'আখড়াইয়ের দীঘি' এবং 'অগ্রদানী' গল্পের পরিণতিকে নির্মম করে তুলেছে। — আলোচনা করুন। ১৫

অথবা

সুবোধ ঘোষের গল্পে মানবিক সম্পর্ক অনেক ক্ষেত্রেই অর্থনীতি-নির্ভর — মন্তব্যটির সমীচীনতা দৃষ্টান্তসহ বিচার করুন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৪×৫=২০

(ক) 'তারিণী মাঝি' গল্পে তারিণী মাঝির সত্তার গভীরে ময়ূরাক্ষী কতোখানি ক্রিয়াশীল ছিল ?

(খ) নরেন্দ্রনাথ মিত্রের 'চোর' গল্পটি বিশ্লেষণ করে তার অন্তর্নিহিত বক্তব্য পরিস্ফুট করুন।

(গ) 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পে কোন যুদ্ধের কথা বলা হয়েছে ?

(ঘ) 'রস' গল্পে মুসলমান সমাজের যে পরিচয় পাওয়া যায় তার বিবরণ দিন।

(ঙ) 'পৌষলক্ষ্মী' গল্পে মুকুন্দের মৃত্যুর তাৎপর্য কী ?

(চ) 'অতিথি' গল্পের অতিথি কে ? কেন তাকে অতিথি বলা হয়েছে ?

(ছ) "ভালোবাসার সফলতা আপনার মতো সাধকের কামনার জিনিস নয়। মেয়েদের জীবনের চরম লক্ষ্য ব্যক্তিগত, আপনাদের নৈর্ব্যক্তিক।" — বক্তা কে ? তার চরিত্রটিকে লেখক কীভাবে গড়ে তুলেছেন ?

(জ) জ্যোতিরিন্দ্র নন্দীর 'মঙ্গলগ্রহ' গল্পটির মূল বক্তব্য লিখুন।

২০১০

বাংলা

সপ্তদশ পাঠক্রম

(বিশেষ পত্র)

সময় : দুই ঘণ্টা পূর্ণমান : ৫০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

(মধ্যযুগের বাংলা মঙ্গল, আখ্যান ও অনুবাদ কাব্য)

১। যে কোনো *একটি* বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করুন : ৫০

(ক) মধ্যযুগের অনুবাদকাব্য রচনায় কবিদের নিজস্বতা।

(খ) মধ্যযুগের আখ্যানধর্মী বাংলা কাব্যে সমাজজীবন।

(গ) মধ্যযুগের প্রণয়মূলক আখ্যান কাব্য।

(ঘ) মধ্যযুগের কাব্যে প্রান্তবর্গীয় জীবনযাত্রা।

(ঙ) বাংলা সাহিত্যে চৈতন্য প্রভাব।

(চ) মধ্যযুগের বাংলা সাহিত্যে রাজসভার পৃষ্ঠপোষকতা।

(উপন্যাস ও ছোটগল্প)

১। যে-কোনো *একটি* বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করুন : ৫০

(ক) বাস্তবতাবোধের দর্পণে বাংলা উপন্যাসের বিবর্তন।

(খ) রবীন্দ্র ছোটগল্পে জীবনবোধ ও সমাজচেতনা।

(গ) তারাশঙ্করের রচনায় প্রান্তিক জীবনচেতনা।

(ঘ) বাংলা ঐতিহাসিক উপন্যাস।

(ঙ) বাংলা ছোটগল্পে সমাজসমস্যার রূপায়ণ।

(চ) সমাজ প্রগতি ও বাংলা উপন্যাসে জীবনচেতনা।

———